
# অনন্যা

A Peer-Reviewed Multi-Disciplinary Academic Journal
Vol. 1st Issue 1st, Sept., 2022

# রাজনৈতিক চেতনা
# বাঙালি সমাজ
# সাহিত্য ও মননে



Ananya
*A Peer-Reviewed Multi-Disciplinary Academic Journal*
*Edited by Dipankar Sardar*
*Published by Srikanta Nath, Burobattala, Sonarpur, Kolkata - 700 150 and*
*Printed by Ananya, Burobattala, Sonarpur, Kolkata - 150,*
*Vol. 1st Issue 1st, 26th Sept., 2022, Rs. 200/-*
E-mail : ananya.artpress@gmail.com

ISBN : 978-93-94385-07-8

**প্রকাশ**
১ম বর্ষ ও ১ম সংখ্যা
২৬ সেপ্টেম্বর, ২০২২

**কপিরাইট**
শ্রীকান্ত নাথ

**প্রকাশক**
অনন্যা প্রকাশনী
শ্রীকান্ত নাথ
বুড়োবটতলা, সোনারপুর, কলকাতা - ৭০০ ১৫০
ফোন - ৬২৮৯৫০২৮৯৮
সার্বিক সহায়তা
অরূপ নস্কর
ফোন - ৯১৬৩৯৩১৪৬৫

**মুদ্রণ**
অনন্যা প্রিন্টিং ওয়ার্কার্স
বুড়ো বটতলা, সোনারপুর, কলকাতা - ৭০০ ১৫০
ফোন - ৬২৮৯৫০২৮৯৮

মূল্য : ২০০ টাকা

# সূচিপত্র


'এটা কোন নাটক নয়' : বিশ্বাস করুণ রাজনীতি
*আশিস রায়* ৯

সর্বভারতীয় প্রেক্ষিতে ছাত্র আন্দোলনের নতুন অভিমুখ :
স্বাধীনতা থেকে সাধারণতন্ত্র (১৯৪৭-৫০)
*বিদ্যুৎ সরকার* ১৭

ধর্ম এবং ভারতীয় রাজনীতির ভবিষ্যৎ
*স্বপনকুমার মণ্ডল* ২৮

বাণী বসুর সাহিত্যে ও মননে রাজনৈতিক চেতনা
*শ্রীতা মুখার্জী* ৩৫

উপনিষদের আলোকে রবীন্দ্র কাব্য ভাবনা
*চৈতালী ঘটক (রায়)* ৪৪

কৃষক-চাষী আন্দোলনে শিবদাস ঘোষের অভিমত
*সমীর মণ্ডল* ৫০

পঞ্চায়েতি রাজ-ব্যবস্থা ও তপন বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্প
*সান্ত্বনা ঘরামী* ৫৭

পশ্চিমবঙ্গে পূর্ব বঙ্গীয় উদ্বাস্তু সমাজ জীবন এবং
তার রাজনৈতিক চিন্তা চেতনার বিবর্তন
*সঙ্ঘমিত্রা দাস* ৭০

সতীনাথ ভাদুড়ী'র 'চরণদাস এম,এল,এ' : রাজনীতির কারণে জনসেবা
*অলোক নস্কর* ৭৭

উদ্বাস্তু সমস্যার ইতিকথা (পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ)
*তন্ময় জোদ্দার* ৮৭

চেতনায় রাজনীতি : পরিবর্তনের ভিত্তিভূমি
মিহির বায়েন ৯৬

'বাস্তুভিটা' : রাজনীতি আর সম্প্রীতি
*টুম্পা রায় ব্যাপারী* ১০১

'নরক গুলজার' নাটকে সমাজচেতনা
*সমৃদ্ধিশেখর মণ্ডল* ১০৬

# 'বাস্তুভিটা' : রাজনীতি আর সম্প্রীতি

টুম্পা রায় ব্যাপারী
গবেষক ও প্রাবন্ধিক

বাংলাকে ভাগ করে ক্ষমতা দখলের রাজনীতি চলছিল ভিতরে ভিতরে। হৃদয়টা যে ভাগ হতে চলেছে সেটা আঁচ করতে পারেননি আমজনতা। নিশ্চুপভাবে ছুরি চালিয়ে যারা রক্তক্ষরণে অভ্যস্ত তারা মূলত পাশের মানুষটাকেও বুঝতে দেননা কি করতে চলেছেন। 'লর্ড মাউন্টব্যাটেন 'ডোমিনিয়ন স্ট্যাটাস' দানের ভিত্তিতে ভারত ও পাকিস্থানের দুটি কেন্দ্রীয় সরকারকে ক্ষমতা হস্তান্তর করার পরিকল্পনা ভারতীয় নেতৃবৃন্দের কাছে প্রকাশ করলে মৌলানা আবুল কালাম আজাদ ব্যতীত আর প্রায় সকলেই দেশবিভাগ ও ক্ষমতা হস্তান্তরের পরিকল্পনাটি গ্রহণ করেন। গান্ধিজি এই পরিকল্পনার ঘোরতর বিরোধী ছিলেন। তিনি বলেছিলেন 'So long as I am alive– I will never agree to the partition of India. Nor will I– if I can help it– allow Congress to accept it' শেষ পর্যন্ত গান্ধিজি তাঁর মত পরিবর্তন করে মাউন্টব্যাটেন পরিকল্পনা গ্রহণ করেন'[১] মাউন্টব্যাটেনের পরিকল্পনা অনুসারে বাংলাদেশ ও পাঞ্জাবের হিন্দুপ্রধান ও মুসলমান অঞ্চলগুলির আইনসভার সদস্যরা পৃথকভাবে বসে ভোটের মাধ্যমে স্থির করবেন তারা ভারতভাগে রাজী হবেন কিনা? ভারতভাগে অনেকেই রাজী ছিলেন না কিন্তু পরবর্তীকালে নয়া দিল্লীতে নিখিল ভারত কংগ্রেস কমিটির বৈঠকে ক্যাবিনেট মিশনের পরিকল্পনায় যে ভোটাভুটি হয় তার ফলাফল হল খুব ভয়ানক। প্রস্তাবের পক্ষে ১৫৭টি, বিপক্ষে ২৯টি ভোট পড়ে এবং ৩২ জন সদস্য নিরপেক্ষ থাকে। ১৯৪৭ এর ১৮ জুলাই 'ইন্ডিয়ান ইন্ডিপেন্ডেন্স বিল' রাজার সম্মতি লাভ করলে এই আইনে ১৫ আগষ্ট থেকে স্বাধীন ভারত ও পাকিস্থানের অস্তিত্ব স্বীকার করে নেওয়া হবে। এই বছরের ১৯ জুলাই ভাইসরয় হাউস থেকে ভারত ও পাকিস্থান রাষ্ট্রের কথা সরকারিভাবে ঘোষণা করা হয়। "পাকিস্থানের জন্ম হয় দুর্ভিক্ষ আক্রান্ত সময়ে। মুসলীম লীগ তার প্রচার কার্যক্রম চালাত সামাজিক অনুষ্ঠানগুলির মাধ্যমে, যেমন জুম্মার নামাজ, মিলাদ মাহফিল, ওয়াজ, ঈদের জামাত প্রভৃতি। এভাবেই সামাজিক জীবনকে রাজনীতির সাথে যুক্ত করে লীগ ঐতিহ্যগত ধর্মীয় আনুগত্যকে একটি রাজনৈতিক আন্দোলনে রূপান্তরিত করে, যা কখনো সাম্প্রদায়িক আন্দোলন এবং কখনো বিচ্ছিন্নতাবাদের দ্যোতক প্রতীকের মাধ্যমে আত্মপ্রকাশ করে। একটা লক্ষ্যনীয় ব্যাপার এই যে মুসলিম কৃষকেরা তাদের হিন্দু ভাইদের মতো সেইসময় দেশত্যাগ করেনি।"[২] ১৯৪৭ এর দেশভাগের ভাবনা থেকে ১৯৪৮ সালে দিগিন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের বাস্তুভিটা নাটকটি প্রকাশ করেন। বাস্তুভিটা নাটক নিয়ে নাট্যকার দিগিন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়